গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.১৮

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

**বিষয়: জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)'-এর আঞ্চলিক প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রচার-প্রচারণা ও রেজিস্ট্রেশন কার্যক্রম প্রসঙ্গে।**

সূত্র: ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫৩ ২৮ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক হাইস্কুল, মাদ্রাসা, পলিটেকনিক ইনস্টিটিউট ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)' আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতার আওতায় দেশব্যাপী আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা আগামী ১৬ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে। আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য নির্ধারিত ওয়েবসাইট: https://nhspc.bcc.gov.bd এবং রেজিস্ট্রেশনের শেষ সময় ০২ মে ২০২৬ তারিখ রাত ১২:০০ ঘটিকা। বর্ণিত বিষয়টি এ দপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহকে অবগত করার লক্ষ্যে পত্রটির ছায়ালিপি পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

**সংযুক্তিসমূহঃ**
(১) অগ্রায়নপত্র
(২) NHSPC রেজিস্ট্রেশন নমুনা

৩০-০৪-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অধ্যক্ষ (সকল), ------------ ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, সার্ভে ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ---------------।
২। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৩। অধ্যক্ষ (সকল), --------------- সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, ------------------।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.১৮/১ (৮)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

৩। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। সংরক্ষণ নথি, শাখা-২, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩০-০৪-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
**প্রশিক্ষণ ও উন্নয়ন**
www.bcc.gov.bd
আগারগাঁও, ঢাকা (জনপ্রশাসন পদক প্রাপ্ত একটি প্রতিষ্ঠান)

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫৩

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

বিষয়: **জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)'-এর আঞ্চলিক প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রচার-প্রচারণা ও রেজিস্ট্রেশন কার্যক্রম প্রসঙ্গে।**

মহোদয়,

যথাযথ সম্মান পদর্শনপূর্বক নিবেদন এই যে, অন্যান্য বছরের ন্যায় এ বছরও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক হাইস্কুল, মাদ্রাসা, পলিটেকনিক্যাল ইনস্টিটিউট ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ (NHSPC)' আয়োজন করা হয়েছে।

২। উক্ত প্রতিযোগিতার আওতায় দেশব্যাপী আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা আগামী **১৬ মে ২০২৬** তারিখে অনুষ্ঠিত হবে। আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য নির্ধারিত ওয়েবসাইট: https://nhspc.bcc.gov.bd/ এবং রেজিস্ট্রেশনের সর্বশেষ সময় **০২ মে ২০২৬ তারিখ রাত ১২:০০ ঘটিকা**।

৩। এমতাবস্থায়, আপনার অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত প্রতিযোগিতা বিষয়ে প্রয়োজনীয় প্রচার-প্রচারণা চালানো এবং শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ** ১। নির্দেশিকা ০১ (এক) পাতা।

**সংযুক্তিঃ**
(১) NHSPC 2026

২৮-০৪-২০২৬
এ. টি. এম. জিয়াউল ইসলাম
নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৫৩/১ (২)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮-০৪-২০২৬
মোঃ জফুরুল আলম খান
পরিচালক

BANGLADESH COMPUTER COUNCIL · ICT DIVISION

NHSPC
২০২৬

# জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬

৬ষ্ঠ শ্রেণি থেকে ১২শ শ্রেণির শিক্ষার্থীদের জন্য

রেজিস্ট্রেশনের শেষ তারিখ
**০২ মে ২০২৬**
সম্পূর্ণ বিনামূল্যে!

২০১৫ সাল থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ পরিচালিত এই প্রতিযোগিতা মেধাবী শিক্ষার্থীদের প্রোগ্রামিং ও আইসিটি কার্যক্রমে যুক্ত করে আসছে। সাধারণ, মাদ্রাসা, কারিগরি ও ব্রিটিশ কারিকুলামের শিক্ষার্থীরা সকলেই অংশ নিতে পারবে।

## প্রতিযোগিতার বিভাগসমূহ

### প্রোগ্রামিং প্রতিযোগিতা

৬–১০টি সমস্যা সমাধান করতে হবে C, C++ বা Python ব্যবহার করে

১) **৬ষ্ঠ – ৮ম** — জুনিয়র
২) **৯ম – ১০ম** — সেকেন্ডারি
৩) **১১শ – ১২শ** — হায়ার সেকেন্ডারি

### কুইজ প্রতিযোগিতা

৩০–৫০টি এমসিকিউ — দুইটি বিভাগে অনুষ্ঠিত হবে

১) **৬ষ্ঠ – ৮ম** — জুনিয়র
২) **৯ম – ১০ম** — সেকেন্ডারি

## কে অংশ নিতে পারবে?

- ✓ সাধারণ শিক্ষা বোর্ড — এইচএসসি ২০২৬ পরীক্ষার্থী পর্যন্ত
- ✓ মাদ্রাসা শিক্ষা বোর্ড — আলিম ২০২৬ পরীক্ষার্থী পর্যন্ত
- ✓ কারিগরি শিক্ষাবোর্ড — পলিটেকনিক ৪র্থ সেমিস্টার পর্যন্ত
- ✓ ব্রিটিশ কারিকুলাম — ২০২৬ সালের A2 পরীক্ষার্থী পর্যন্ত

**প্রোগ্রামিং ভাষা:**

C · C++ · Python

## কীভাবে অংশ নেবে?

১. **অনলাইনে রেজিস্ট্রেশন**
nhspc.bcc.gov.bd তে গিয়ে ফর্ম পূরণ করো — সম্পূর্ণ বিনামূল্যে

২. **আঞ্চলিক প্রতিযোগিতা**
২৪টি ভেন্যুর যেকোনো একটিতে সশরীরে অংশগ্রহণ

৩. **জাতীয় ফাইনাল — ঢাকা**
কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি), ঢাকায় চূড়ান্ত পর্ব

**প্রোগ্রামিং প্রতিযোগী:** কম্পিউটার প্রতিযোগিতার আয়োজক কর্তৃক সরবরাহ করা হবে; প্রতিযোগীদের নিজস্ব ল্যাপটপ আনার প্রয়োজন নেই।

**কুইজ প্রতিযোগী:** পরীক্ষার সময় অবশ্যই একটি **ক্লিপবোর্ড** সঙ্গে আনতে হবে।

## পুরস্কার ও সুযোগ-সুবিধা

**ট্রফি ও পুরস্কার**
আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে আকর্ষণীয় পুরস্কার

**সার্টিফিকেট**
সকল অংশগ্রহণকারীর জন্য অংশগ্রহণের সার্টিফিকেট

**বিশেষ সেমিনার**
সাইবার সিকিউরিটি ও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সেমিনার

## সাধারণ জিজ্ঞাসা

**প্রোগ্রামিং না জানলে কি অংশ নেওয়া যাবে?**
হ্যাঁ! কুইজ প্রতিযোগিতায় অংশ নাও। ওয়েবসাইটের রিসোর্স থেকে প্রোগ্রামিং শিখে শুরু করতে পারো।

**প্রতিযোগিতার ফি কত?**
সম্পূর্ণ বিনামূল্যে! নিবন্ধন থেকে শুরু করে সব পর্যায়ে কোনো ফি নেই।

**একাধিক বিভাগে অংশ নেওয়া যাবে?**
না, প্রোগ্রামিং অথবা কুইজ — যেকোনো একটিতেই নিবন্ধন করতে হবে।

**প্রস্তুতি কীভাবে নেব?**
nhspc.bcc.gov.bd -এর রিসোর্স পেইজ ও toph.co-তে অনুশীলন করো। কুইজের জন্য NCTB আইসিটি বই পড়ো।

## আজই রেজিস্ট্রেশন করো!

শেষ তারিখ: ০২ মে ২০২৬ — দেরি না করে এখনই সুযোগ নাও

**nhspc.bcc.gov.bd**

যোগাযোগ করো
info@nhspc.bcc.gov.bd
Facebook: NHSPC Bangladesh
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

© ২০২৬ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

BCC · ICT DIVISION